



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/27/2020

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

গভর্নর কুওমো কলেজ ক্যাম্পাসে সংক্রমণের হারের জন্য নির্দেশিকা জারি করেছেন ছাত্রদের বড় সমাবেশের রিপোর্টের পরে

### কলেজের জন্য নির্দেশিকা এখানে উপলব্ধ

গভর্নর এন্ড্রু এম. কুওমো আজ কলেজ ক্যাম্পাসে সংক্রমণের হার সম্পর্কে এবং সংক্রমণের হার নির্দিষ্ট মাত্রার উপরে উঠলে স্কুলগুলোকে অবশ্যই কি প্রশমনের পদক্ষেপ নিতে হবে তা সম্পর্কে নির্দেশিকা জারি করেছেন। ছাত্রদের বৃহৎ সমাবেশের রিপোর্ট এবং অন্যান্য রাজ্যের অভিজ্ঞতা, যেখানে ক্লাস্টারগুলো সশরীরে ক্লাসে ফিরে যাওয়ার সাথে সাথে বিকশিত হচ্ছে এই রিপোর্টের পরে এই নির্দেশিকা জারি করা হয়েছে।

"আমরা কলেজ ক্যাম্পাসে ছাত্রদের জড়ো হওয়ার উদ্বেগজনক রিপোর্ট দেখেছি, তাই আমরা একটি সীমা নির্ধারণ করছি যেখানে বলা হয়েছে যদি কলেজে 100টি কেস থাকে অথবা যদি তাদের জনসংখ্যার 5 শতাংশ বা তার বেশী কেসের সংখ্যা থাকে, তাহলে তাদের অবশ্যই দুই সপ্তাহের জন্য দূরবর্তী শিক্ষায় যেতে হবে, যে সময়ে আমরা পরিস্থিতি পুনর্মূল্যায়ন করব," **গভর্নর কুওমো বলেছেন।** "আমাদের ক্লাস্টার অনুমান করা উচিত এবং আমরা সেটাই দেখছি। এর জন্য প্রস্তুত হও, এর আগে অগ্রসর হও।"

থ্রেশোল্ডে পড়লে গেলে অবশ্যই দুই সপ্তাহের জন্য স্কুলগুলোকে অবশ্যই সীমিত অন-ক্যাম্পাস কার্যকলাপ চালু রেখে দূরবর্তী শিক্ষায় ফিরে যেতে হবে। যদি দুই সপ্তাহ পরে, স্থানীয় স্বাস্থ্য বিভাগ দেখে যে কলেজ প্রমাণ করেছে যে তারা কেসের সংখ্যা নিয়ন্ত্রণ করতে পারবেন না, তাহলে তাদের দূরবর্তী শিক্ষার ব্যবস্থা চালু রাখা প্রয়োজনীয় রাখতে পারেন, অথবা রাজ্য স্বাস্থ্য দপ্তরের (State Department of Health) সাথে আলোচনা করে অন্যান্য প্রশমন ব্যবস্থা আরোপ করতে পারে। এই সময়ে, ক্রীড়া কার্যক্রম এবং অন্যান্য পাঠ্যক্রম বহির্ভূত কার্যক্রম স্থগিত করতে হবে, এবং ডাইনিং হল বিকল্প শুধুমাত্র টেক-আউটে পরিবর্তিত করতে হবে।

যদি ক্যাম্পাসের নির্দিষ্ট এলাকায় ইতিবাচক কেসের আবির্ভাব ঘটে যদিও 5 শতাংশের কম বা 100 জনের কম ছাত্র-ছাত্রীরা প্রভাবিত হয়ে থাকে, কিন্তু তা যদি কলেজের বিচ্ছিন্ন করার এবং যোগাযোগ ট্রেস করার ক্ষমতার উপর চাপ সৃষ্টি করে, তাহলে কলেজকে অবশ্যই 100 শতাংশ দূরবর্তী শিক্ষায় ফিরে যেতে হবে, সীমিত অন-ক্যাম্পাস ক্রিয়াকলাপ বজায় রেখে। স্থানীয় স্বাস্থ্য

